

জানুয়ারী/২০২৪ মাসের উপজেলা আইসিটি কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ

বিষয় : উপজেলা আইসিটি কমিটির জানুয়ারী/২৪ খ্রিস্টাব্দ মাসের সভার কার্যবিবরণী
 তারিখ : ১৬ জানুয়ারী, ২০২৪ খ্রিস্টাব্দ
 সময় : দুপুর ১২:৩০ টা
 স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, সীথিয়া, পাবনা
 সভাপতি : জনাব মোসাঃ আলপনা ইয়াসমিন, উপজেলা নির্বাহী অফিসার, সীথিয়া, পাবনা

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলার আইসিটি কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করার জন্য সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	স্মার্ট বাংলাদেশ	স্মার্ট বাংলাদেশ গঠনের সরকারের বিভিন্ন দিক নির্দেশনা বিষয়ে আলোকপাত করা হয়।	সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সীথিয়া, পাবনা কে প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের অনুরোধ করা হয়।	উপজেলা আইসিটি কমিটি, সংশ্লিষ্ট ব্যক্তি এবং সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সীথিয়া, পাবনা।
০২	তথ্য বাতায়নসমূহ হালনাগাদকরণ	উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল তথ্যবহুল এবং সর্বদা হাল-নাগাদ রাখা একটি চলমান প্রক্রিয়া। বাতায়নসমূহ (বাংলা ও ইংরেজি ভাষন) শতভাগ হাল-নাগাদ রাখার জন্য সকলের সহযোগীতা কামনা করা হয়।	উপজেলার সকল দপ্তর তাদের স্ব স্ব ওয়েব পোর্টালের তথ্যাদি (বাংলা ও ইংরেজি ভাষন) নিয়মিতভাবে হালনাগাদ করবে। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সীথিয়া, পাবনা কে প্রয়োজনীয় কারিগরি সহযোগীতা প্রদানের অনুরোধ করা হয়।	উপজেলার সকল দপ্তর প্রধান এবং সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সীথিয়া, পাবনা।
০৩	ডি-নথি বাস্তবায়ন	সীথিয়া, পাবনা উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরসহ অন্যান্য দপ্তরে ডি-নথি কার্যক্রম চালু আছে। ডি-নথি কার্যক্রমের রিপোর্ট নিয়মিত প্রদান করা হয় এবং প্রতিনিয়ত র্যাংকিং প্রকাশ করা হয়।	ম্যানুয়াল নথির পরিবর্তে ডি-নথি কার্যক্রমকে অগ্রাধিকার প্রদান করতে হবে এবং কোনো নথি অনিষ্পন্ন রাখা যাবে না। এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সীথিয়া, পাবনা কে অনুরোধ করা হয়।	ডি-নথির সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারী এবং সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সীথিয়া, পাবনা (কারিগরি সহযোগীতা প্রদানের জন্য)।
০৪	ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ নিয়মিত মনিটরিংকরণ	ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট একসেবা সিস্টেমে নিয়মিত প্রদান করছে কিনা তা নিয়মিত মনিটরিং করা প্রয়োজন।	ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত সেবা প্রদান করছেন কিনা এবং তাদের আয়ের রিপোর্ট একসেবা সিস্টেমে নিয়মিত প্রদর্শন করছে কিনা তা নিয়মিত মনিটরিং করার জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সীথিয়া, পাবনা কে অনুরোধ করা হয়।	সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সীথিয়া, পাবনা।
০৫	শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম পরিদর্শন	অত্র উপজেলার ১৯ (উনিশ) টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব আছে। ল্যাবসমূহ যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা প্রতি মাসে পরিদর্শন ও মনিটরিং করা প্রয়োজন।	শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ ও ক্লাসরুম যথাযথ ভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা প্রতি মাসে পরিদর্শন ও মনিটরিং করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সীথিয়া, পাবনা ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সীথিয়া, পাবনা কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সীথিয়া, পাবনা।

০৬	মাল্টিমিডিয়া ক্লাশরুম কার্যক্রম মনিটরিং	অত্র উপজেলার প্রায় সকল বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম চালু আছে। প্রত্যেকটি বিদ্যালয়ের মাল্টিমিডিয়া ক্লাস এর রিপোর্ট ড্যাশবোর্ডে নিয়মিত আপলোড নিশ্চিত করতে হবে।	বিদ্যালয়গুলোতে নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাশের মাধ্যমে পাঠদান হয় কিনা সেটা মনিটরিং করার সাথে সাথে ড্যাশবোর্ডে রিপোর্ট দিচ্ছে কিনা তা প্রতি মাসে মনিটরিং করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাঁথিয়া, পাবনা ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা কে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাঁথিয়া, পাবনা ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা
----	--	---	---	---

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ গড়ার প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে আইসিটির বিকাশ ও উন্নয়ন কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোসাঃ আলপনা ইয়াসমিন)
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
সাঁথিয়া, পাবনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
সাঁথিয়া, পাবনা

www.doict.santhia.pabna.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৭৬৭২.০০০.০৬.০০১.১৯-০২

তারিখ : ০৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ জানুয়ারী ২০২৪ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক, পাবনা।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পাবনা।
- ৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, পাবনা
- ৪। সাঁথিয়া, পাবনা।
- ৫। উপজেলা..... অফিসার, সাঁথিয়া, পাবনা।
- ৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক..... অফিসার, সাঁথিয়া, পাবনা।
- ৭। ইউপি সচিব / উদ্যোক্তা (সকল)।
- ৮। অফিস কপি।

(তপু কুমার দেবনাথ)
সহকারী প্রোগ্রামার

ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
সাঁথিয়া, পাবনা।